দৈনিক ইনকিলাব

তারিখ 0 JUL 1987
পৃষ্ঠা ... কলাম 3

010

# শিক্ষাঙ্গন

## ডিগ্রীপরীক্ষার ফলাফলপ্রকাশ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

বলতে গেলে বহু কষ্ট করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবার ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ করেছে। প্রশ্নপত্র ফাঁস থেকে আরম্ভ করে ওভাররাইটিং পর্যন্ত সব কিছুই ঘটেছে এ বৎসরের ডিগ্রী পরীক্ষায়। বইয়ের স্টলগুলোতে ১০ টাকা করে সাজেশন বিক্রির নামে যে প্রশ্ন বিক্রি হয়েছে এটা হয়তো অনেকের দৃষ্টি এড়াতে পেরেছে, কিন্তু সচেতন ছাত্র-ছাত্রীরা এ সুযোগ একেবারেই ছাড়েননি। এটা সুধী মহলে মনে হয় উল্লেখ করার দরকার নেই যে ডিগ্রী পরীক্ষার ফলাফলের উপর একজন ছাত্রের জীবনের অনেক কিছু নির্ভর করে। তৃষ্ণার্ত প্রাণীর মত ফলাফলের দিকে তাকিয়ে থাকে

হাজার হাজার ছাত্র-ছাত্রী। কেউবা চাকরীর খোঁজে, কেউবা উচ্চতর কোন পরীক্ষা দেবার আশায়। কিন্তু সব আশায় গুড়েবালি। এছাড়া অবৈধ পন্থায় নম্বর চুরি কিম্বা অন্য কোনভাবে একজন নিম্নমানের ছাত্র, একজন পড়ুয়া ভাল ছাত্রকে হার মানিয়ে দিচ্ছে। প্রতিযোগিতার বাজারে মার খেতে হচ্ছে বহু নিরীহ ছাত্রদেরকে। এই যদি হয়ে থাকে তবে

শিক্ষার আলো গ্রহণ করার চাইতে নিরক্ষর থাকাও অনেক ভাল। পত্রিকায় দেখেছি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই অবৈধ পন্থা উদঘাটনের জন্য তদন্ত কমিটি গঠন করেছেন। এটি অবশ্যই সু-খবর। তবে ভবিষ্যতে যাতে এই ধরনের তদন্ত কমিটি গঠন করে ফল প্রকাশের পরবর্তী সময়ে ছাত্র-ছাত্রীদের অনুরূপ অবস্থার মধ্যে দিন অতিবাহিত করতে না হয় সেদিকে দৃষ্টি দেয়া প্রয়োজন।

—বি. হোসেন